দৈনিক বাংলা

তারিখ ... ৩০।৭।৭৪ ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭ ...



# রোকেয়া হল তদন্ত কমিটির রিপোর্ট সোমবার নাগাদ বেরোবে

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলের একটি নতুন আবাসিক ভবন উদ্বোধনের পর ছাত্রীরা উপাচার্যসহ বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের প্রায় ৪০ মিনিট আটক রাখে। ছাত্রীরা গেটে তালা লাগিয়ে দেয়ায় উপাচার্যসহ বিভিন্ন কর্মকর্তারা হল কম্পাউন্ড থেকে গাড়ি নিয়ে বেরোতে পারেননি।

ছাত্রীরা প্রভোস্ট হিসেবে ডঃ রাজিয়া খান আমিনের পুনর্বহাল, রোকেয়া হল তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশের দাবী জানান। তাদের দাবীর মধ্যে আরো ছিল তিনজন ছাত্রীর বহিস্কারাদেশ কার্যকর, নিরীহ ছাত্রীদের ওপর কিছু সংখ্যক ছাত্রীর আক্রমণের বিচার। দাবী আদায়ের জন্যে ছাত্রীরা হল গেটে তালা বন্ধ রাখার পন্থা অবলম্বন করেন।

উপাচার্য প্রফেসর ফজলুল হালিম চৌধুরী বলেন, তদন্ত কমিটির রিপোর্ট আগামী সোমবারের মধ্যে প্রকাশ করা হবে। তিনি আরো বলেন, প্রায় আড়াই মাস বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় তদন্ত কমিটি কাজ করতে পারেনি। তদন্ত কমিটি তাদের রিপোর্ট দিয়েছে, তা শনিবার সিন্ডিকেটে পেশ করা হবে।